সংস্করণ 6.0 (2018)

রেসপন্সিবল বিজনেস অ্যালায়েন্স (Responsible Business Alliance) আচরণবিধি

পূর্বে ইলেকট্রনিক ইন্ডাস্ট্রি সিটিজেনশিপ কোয়ালিশন (Electronic Industry Citizenship Coalition, EICC) নামে পরিচিত রেসপন্সিবল বিজনেস অ্যালায়েন্স (Responsible Business Alliance, RBA)-এর আচরণবিধি মানদন্ডগুলি প্রতিষ্ঠা করে যাতে সুনিশ্চিত করা যায় যে ইলেকট্রনিক শিল্প বা শিল্পগুলিতে, যেখানে ইলেকট্রনিক্স একটি প্রধান উপাদান, সেখানে এবং তার সরবরাহ শৃঙ্খলগুলিতে কাজের পরিবেশ নিরাপদ হয়, কর্মীদের সঙ্গে সম্মান ও মর্যাদার সাথে আচরণ করা হয়, এবং ব্যবসার কার্যপরিচালনা পরিবেশগত দিক থেকে দায়িত্বশীল হয় এবং নৈতিকভাবে সম্পাদন করা হয়।

এই বিধির উদ্দেশ্যগুলির জন্য ইলেকট্রনিক শিল্পের অংশ হিসেবে সেই সব সংস্থাগুলিকে বিবেচনা করা হয় যেগুলি ইলেকট্রনিক পণ্য উৎপাদনের জন্য ব্যবহৃত পণ্য ও পরিষেবাগুলি পরিকল্পনা, বিপণন, উৎপাদন, বা প্রদান করতে পারে। ইলেকট্রনিক্স শিল্পক্ষেত্রের যে কোনো ব্যবসা স্বেচ্ছামূলকভাবে বিধিটি গ্রহণ করতে পারে এবং পরবর্তীকালে সেই ব্যবসাটি তার সরবরাহ শৃঙ্খল ও সাব-কন্ট্র্যাক্টরদের ওপরে তা প্রয়োগ করতে পারে, ঠিকা শ্রমিক প্রদানকারীও এর অন্তর্ভুক্ত।

বিধিটি গ্রহণ করা এবং একজন অংশগ্রহণকারী ("অংশগ্রহণকারী") হওয়ার জন্য, ব্যবসাটি বিধিটির সপক্ষে তার সমর্থন ঘোষণা করবে এবং এখানে উল্লিখিত একটি পরিচালন ব্যবস্থা অনুযায়ী সক্রিয়ভাবে বিধিটি এবং এর মানদন্ডগুলি মান্য করতে উদ্যোগী হবে।

অংশগ্রহণকারীদের অবশ্যই বিধিটিকে একটি সম্পূর্ণ সরবরাহ শৃঙ্খল উদ্যোগ হিসেবে বিবেচনা করতে হবে। ন্যূনতম ক্ষেত্রে, অংশগ্রহণকারীরা তাদের পরবর্তী পর্যায়ের সরবরাহকারীদেরও বিধিটিকে স্বীকার ও বাস্তবায়ন করতে বাধ্য করবে।

বিধিটি গ্রহণ করার জন্য মৌলিক বিষয় হল এই উপলব্ধি যে, একটি ব্যবসা যে দেশগুলিতে কার্যপরিচালনা করে সেখানকার আইন, নিয়মাবলী ও নিয়ন্ত্রণগুলিকে তার সব কার্যকলাপের ক্ষেত্রে অবশ্যই পূর্ণরূপে মান্য করে কার্যপরিচালনা করতে হবে।[1] এছাড়াও বিধিটি অংশগ্রহণকারীদের আইনি মান্যতার বাইরেও আন্তর্জাতিকভাবে স্বীকৃত মানদন্ডগুলির ভিত্তিতে অন্য বিষয়গুলি মান্য করতে উৎসাহিত করে, যাতে সামাজিক ও পরিবেশগত দায়িত্ব ও ব্যবসার নীতিবোধকে অগ্রসর করা যায়। কোনো ক্ষেত্রেই বিধিটি মেনে চলা স্থানীয় আইনকে লঙ্ঘন করতে পারে না। তবে যদি, RBA বিধি ও স্থানীয় আইনের মধ্যে বিসদৃশ মানদন্ড থাকে, তাহলে RBA অনুরূপতাকে কঠোরতম আবশ্যকতা পূরণ হিসেবে নির্ধারণ করে। ব্যবসা ও মানবাধিকারের ওপরে UN নির্দেশনা নীতিসমূহের সাথে সঙ্গতিপূর্ণভাবে, এই বিধির শর্তগুলি গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক মানবাধিকার মানদন্ডগুলি থেকে গৃহীত হয়েছে, যার অন্তর্ভুক্ত হল কর্মক্ষেত্রে মৌলিক নীতি ও অধিকারসমূহ সংক্রান্ত ILO-এর ঘোষণা এবং UN-এর মানবাধিকার সংক্রান্ত বিশ্বজনীন ঘোষণা।

RBA আচরণবিধির নিরন্তর উন্নয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে অংশীদারদের থেকে নিয়মিত মতামত নেওয়ার প্রতি অঙ্গীকারবদ্ধ।

বিধিটি পাঁচটি অধ্যায় নিয়ে গঠিত। A, B, ও C অধ্যায়গুলি যথাক্রমে শ্রম, স্বাস্থ্য ও নিরাপত্তা, ও পরিবেশের জন্য মানদন্ডগুলিকে বর্ণনা করে। অধ্যায় D ব্যবসার নৈতিকতার সঙ্গে সম্পর্কিত মানদন্ডগুলি যোগ করে; অধ্যায় E এই বিধির মান্যতা পরিচালনা করার জন্য একটি গ্রহণযোগ্য ব্যবস্থার উপাদানগুলিকে বর্ণনা করে।

[1] কর্মীদের জন্য সমেত, নতুন ও অতিরিক্ত তৃতীয় পক্ষ অধিকারগুলি সৃষ্টি করা বিধিটির উদ্দেশ্য নয়।

A. শ্রম

অংশগ্রহণকারীরা কর্মীদের মানবাধিকার রক্ষা করতে এবং তাদের সঙ্গে মর্যাদা ও সম্মানের সাথে সেইভাবে আচরণ করতে অঙ্গীকারবদ্ধ, যেভাবে আন্তর্জাতিক সম্প্রদায় অনুধাবন করে। অস্থায়ী, অভিবাসী, শিক্ষার্থী, ঠিকা, প্রত্যক্ষ কর্মচারী এবং অন্য যে কোনো ধরনের কর্মীরা সমেত, সব কর্মীদের ক্ষেত্রে এটা প্রযোজ্য হয়। বিধিটি প্রস্তুত করার ক্ষেত্রে পরিশিষ্টে বর্ণনা করা স্বীকৃত মানদন্ডগুলিকে সূত্র হিসেবে ব্যবহার করা হয়েছিল এবং অতিরিক্ত তথ্যের একটি উপযোগী উৎস হতে পারে।

শ্রম সংক্রান্ত মানদন্ডগুলি হল:

1) স্বাধীনভাবে বেছে নেওয়া কর্মসংস্থান

বলপূর্বক, চুক্তিবদ্ধ (ঋণের চুক্তিপত্র অন্তর্ভুক্ত) বা চুক্তিভিত্তিক শ্রম, অনৈচ্ছিক বা শোষণমূলক কারাগারের শ্রম, দাসত্ব বা মানুষ পাচার ব্যবহার করা যাবে না। এর অন্তর্ভুক্ত হল শ্রম বা পরিষেবাগুলির জন্য হুমকি, বলপ্রয়োগ, জোর করে বাধ্য করা, অপহরণ বা প্রতারণার মাধ্যমে মানুষদের পরিবহন করা, আশ্রয় দেওয়া, নিয়োগ করা, স্থানান্তরিত করা বা গ্রহণ করা। কোম্পানির প্রদান করা সুবিধাগুলিতে প্রবেশ বা প্রস্থান করার ওপরে যুক্তিহীন নিয়ন্ত্রণ ছাড়াও, সুবিধাগুলিতে কর্মীদের চলাফেরার স্বাধীনতার ওপরে কোনো যুক্তিহীন নিয়ন্ত্রণ থাকবে না। নিয়োগ প্রক্রিয়ার অংশ হিসেবে, কর্মী তার উৎস দেশ ছাড়ার পূর্বে কর্মীর নিজের স্বদেশী ভাষায় একটি লিখিত নিয়োগ চুক্তি অবশ্যই তাকে প্রদান করতে হবে যেখানে নিয়োগের নিয়ম ও শর্তাবলীর একটি বর্ণনা অন্তর্ভুক্ত থাকবে, এবং গ্রহণকারী দেশে আগমনের পরে নিয়োগ চুক্তিতে কোনো প্রতিস্থাপন বা পরিবর্তনের অনুমতি নেই, যদি না স্থানীয় আইন মান্য করা এবং সমান বা উন্নততর শর্তাবলী প্রদানের জন্য এই পরিবর্তনগুলি করা হয়। সব কাজ অবশ্যই স্বেচ্ছামূলক হতে হবে এবং কর্মীরা যে কোনো সময় কাজ ছেড়ে চলে যাওয়া কিংবা নিয়োগ সমাপ্ত করার জন্য স্বাধীন হবেন, নিয়োগকর্তা ও এজেন্টরা কর্মীদের পরিচয় বা অভিবাসনের নথিপত্রগুলি আটকে রাখতে, বা অন্যথায় বিনষ্ট করতে, লুকিয়ে রাখতে, বাজেয়াপ্ত করতে বা সেগুলি পাওয়ার অধিকার অস্বীকার করতে পারবেন না, যেমন সরকারের প্রদান করা পরিচয়পত্র, পাসপোর্ট বা কাজের অনুমতিপত্র, যদি না আইনের প্রয়োজন অনুযায়ী আটকে রাখা হয়। নিয়োগকর্তা বা এজেন্টদেরকে নিয়োগের ফী বা তাদের নিয়োগের জন্য অন্যান্য সম্পর্কিত ফী প্রদান করতে কর্মীদের বাধ্য করা যাবে না। যদি দেখা যায় যে কর্মীরা এই ধরনের কোনো ফী প্রদান করেছেন, তাহলে এই ফীগুলি কর্মীদের পরিশোধ করা হবে।

2) অল্পবয়স্ক কর্মী

উৎপাদনের কোনো পর্যায়েই শিশু শ্রম ব্যবহার করা যাবে না। "শিশু" শব্দটি এমন যে কোনো ব্যক্তির প্রতি নির্দেশ করে যার বয়স 15 বছরের কম, অথবা বাধ্যতামূলক শিক্ষা সম্পূর্ণ করার বয়সের থেকে কম, অথবা দেশে কর্মনিয়োগের জন্য ন্যূনতম বয়সের কম, এগুলির মধ্যে যেটি অধিকতর। সব আইন ও বিধিনিয়ম মান্য করে এমন, কর্মস্থলে শিক্ষার বৈধ কর্মসূচিগুলির ব্যবহারকে সহায়তা করা হয়। 18 বছরের কম বয়সী কর্মীরা (অল্পবয়স্ক কর্মী) এমন কোনো কাজ করবে না যা থেকে তাদের স্বাস্থ্য বা নিরাপত্তায় বিঘ্ন ঘটতে পারে, এর অন্তর্ভুক্ত হল রাতের শিফট ও ওভারটাইম। অংশগ্রহণকারী প্রযোজ্য আইন ও বিধিনিয়ম অনুযায়ী শিক্ষার্থীর রেকর্ডগুলির যথাযথ রক্ষণাবেক্ষণ, শিক্ষামূলক সহযোগীর কঠোর যাচাইকরণ, এবং শিক্ষার্থীদের অধিকারের সুরক্ষার মাধ্যমে শিক্ষার্থী কর্মীদের যথাযথ ব্যবস্থাপনা সুনিশ্চিত করবেন। অংশগ্রহণকারী সব শিক্ষার্থী কর্মীদের

উপযুক্ত সহায়তা ও প্রশিক্ষণ প্রদান করবেন। স্থানীয় আইনের অনুপস্থিতিতে, শিক্ষার্থী কর্মী, ইনটার্ন ও শিক্ষানবিসদের বেতনের হার ন্যূনতমভাবে, সমান বা অনুরূপ কাজ সম্পাদনকারী অন্যান্য নবাগত কর্মীদের বেতনের হারের সমান হতে হবে।

3) কাজের ঘন্টা

ব্যবসায়িক অনুশীলনের অধ্যয়নে কর্মীদের ধকলের সঙ্গে উৎপাদনশীলতা কমে যাওয়া, চাকরি ছেড়ে দেওয়ার হার বেড়ে যাওয়া এবং আঘাত ও অসুস্থতা বৃদ্ধি পাওয়ার সুস্পষ্ট যোগসূত্র পাওয়া গেছে। কাজের ঘন্টা স্থানীয় আইন দ্বারা নির্ধারিত সর্বোচ্চ সময়কে অতিক্রম করবে না। এছাড়াও, একটি কাজের সপ্তাহে ওভারটাইম সহ প্রতি সপ্তাহে 60 ঘন্টার বেশি কাজ করা উচিত নয়, জরুরি অবস্থা বা অস্বাভাবিক পরিস্থিতি ব্যতীত। কর্মীদের প্রতি সাত দিনে কমপক্ষে এক দিন ছুটি নেওয়ার অনুমতি দিতে হবে।

4) বেতন ও সুবিধা

কর্মীদের প্রদান করা বেতন সব প্রযোজ্য বেতন আইনগুলি মান্য করবে, এর অন্তর্ভুক্ত হল ন্যূনতম বেতন, ওভারটাইমের ঘন্টা এবং আইনত বাধ্যতামূলক সুবিধাগুলির সাথে সম্পর্কিত আইনসমূহ। স্থানীয় আইনগুলি মান্য করে, কর্মীদের ওভারটাইমের জন্য প্রতি ঘন্টা কাজের নিয়মিত হারের থেকে বেশি হারে বেতন দিতে হবে। শাস্তিমূলক পদক্ষেপ হিসেবে বেতন থেকে অর্থ কেটে নেওয়ার অনুমতি দেওয়া যাবে না। বেতনের প্রতিটি সময়কালের জন্য, কর্মীদের সময়োপযোগী ও বোধগম্য বেতন বিবৃতি প্রদান করতে হবে, যেখানে সম্পাদন করা কাজের জন্য সঠিক বেতনের যথার্থতা প্রতিপাদনের জন্য পর্যাপ্ত তথ্য অন্তর্ভুক্ত থাকবে। অস্থায়ী, ডিসপ্যাচ বা আউটসোর্স করা শ্রমের সব ধরনের ব্যবহারকে স্থানীয় আইনের সীমার মধ্যে থাকতে হবে।

5) মানবিক আচরণ

যৌন হয়রানি, যৌন নিপীড়ন, শারীরিক শাস্তি, মানসিক বা শারীরিকভাবে বাধ্য করানো, অথবা কর্মীদের গালাগালি দেওয়া সমেত, কোনো রকম রূঢ় বা অমানবিক আচরণ করা যাবে না; এমনকি এই ধরনের কোনো আচরণের হুমকি দেওয়াও যাবে না। এই আবশ্যকতাগুলির সমর্থনে শৃঙ্খলামূলক নীতি ও কার্যপ্রণালীগুলি সুস্পষ্টভাবে নির্ধারণ করতে হবে এবং কর্মীদের জ্ঞাপন করতে হবে।

6) বৈষম্যহীনতা

অংশগ্রহণকারীদের হয়রানি ও বেআইনি বৈষম্য থেকে মুক্ত একটি কর্মীদলের প্রতি অঙ্গীকারবদ্ধ থাকা উচিত। কোম্পানিগুলি বেতন, পদোন্নতি, পুরস্কার এবং প্রশিক্ষণের সুযোগের মতো নিয়োগ ও কর্মসংস্থানের অনুশীলনগুলিতে জাতি, বর্ণ, বয়স, লিঙ্গ, যৌন ঝোঁক, লিঙ্গগত পরিচয় ও অভিব্যক্তি, জাতিগত বা জাতীয় উৎস, অক্ষমতা, গর্ভাবস্থা, ধর্ম, রাজনৈতিক সম্বন্ধ, ইউনিয়নের সদস্যতা, আওতাভুক্ত ভেটেরান (অবসরপ্রাপ্ত সেনাকর্মী) মর্যাদা, সুরক্ষিত জিনগত তথ্য, বা বৈবাহিক অবস্থার ভিত্তিতে কোনো বৈষম্য করতে পারবে না। কর্মীদের ধর্মীয় অনুশীলনের জন্য যুক্তিসঙ্গত ব্যবস্থা প্রদান করতে হবে। এছাড়াও, কর্মী বা সম্ভাব্য কর্মীদের এমন কোনো চিকিৎসাগত পরীক্ষা বা শারীরিক পরীক্ষা করানো উচিত নয় যা বৈষম্যমূলকভাবে ব্যবহৃত হতে পারে।

7) সংগঠনের স্বাধীনতা

স্থানীয় আইন অনুযায়ী, অংশগ্রহণকারীরা সব কর্মীদের নিজস্ব পছন্দের শ্রমিক সংগঠন গঠন করা ও যোগদান করা, সম্মিলিতভাবে দরাদরি করা এবং শান্তিপূর্ণভাবে সমবেত হওয়ার অধিকারকে সম্মান দেবেন, এছাড়াও এই ধরনের কাজকর্ম থেকে বিরত থাকার কর্মীদের অধিকারকেও সম্মান দেবেন। কর্মীবৃন্দ ও/বা তাদের প্রতিনিধিরা বৈষম্য, প্রতিশোধ, ভীতিপ্রদর্শন বা হয়রানির ভয় ছাড়াই কাজের পরিবেশ এবং পরিচালনার অনুশীলনগুলি সম্বন্ধে ধারণা ও উদ্বেগগুলি খোলামেলাভাবে কর্তৃপক্ষকে জানাতে ও বিনিময় করতে পারবেন।

B. স্বাস্থ্য ও নিরাপত্তা

অংশগ্রহণকারীরা স্বীকার করেন যে কর্ম-সংক্রান্ত আঘাত ও অসুস্থতার ঘটনা কমানো ছাড়াও, একটি নিরাপদ ও স্বাস্থ্যকর কাজের পরিবেশ পণ্য ও পরিষেবার গুণমান, উৎপাদনের সামঞ্জস্য, এবং কর্মীদের চাকরিতে ধরে রাখার হার ও মনোবলকে উন্নত করে। এছাড়াও অংশগ্রহণকারীরা স্বীকার করেন যে কর্মস্থলে স্বাস্থ্য ও নিরাপত্তার সমস্যাগুলিকে সনাক্ত করা এবং সমাধান করার জন্য কর্মীদের ক্রমাগত অবহিত করা ও শিক্ষা দেওয়া অত্যাবশ্যক।

বিধিটি প্রস্তুত করার ক্ষেত্রে OHSAS 18001 এবং পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্যের বিষয়ে ILO-এর নির্দেশিকার মত স্বীকৃত পরিচালন ব্যবস্থাগুলিকে সূত্র হিসেবে ব্যবহার করা হয়েছিল এবং অতিরিক্ত তথ্যের একটি উপযোগী উৎস হতে পারে।

স্বাস্থ্য ও নিরাপত্তার মানদন্ডগুলি হল:

1) পেশাগত নিরাপত্তা

কর্মীরা সম্ভাব্যরূপে যে সব নিরাপত্তার বিপদগুলির (যেমন রাসায়নিক, বৈদ্যুতিক ও অন্যান্য শক্তির উৎসগুলি, আগুন, যানবাহন, ও পড়ে যাওয়ার বিপদ) সম্মুখীন হতে পারেন সেগুলিকে সনাক্ত ও মূল্যায়ন করতে হবে, এবং যথাযথ নকশা, প্রযুক্তিবিদ্যা, ও প্রশাসনিক নিয়ন্ত্রণ, প্রতিরোধমূলক রক্ষণাবেক্ষণ ও নিরাপদ কাজের প্রণালী (লকআউট/ট্যাগআউট অন্তর্ভুক্ত) এবং ক্রমাগত নিরাপত্তা প্রশিক্ষণের মাধ্যমে নিয়ন্ত্রণ করতে হবে। যেখানে এই উপায়গুলির দ্বারা বিপদগুলিকে পর্যাপ্তভাবে নিয়ন্ত্রণ করা যায় না, সেখানে কর্মীদের যথোপযুক্ত, ভালভাবে রক্ষণাবেক্ষণ করা, ব্যক্তিগত সুরক্ষা উপকরণ এবং এই বিপদগুলির সঙ্গে সংশ্লিষ্ট তাদের যে সব ঝুঁকি আছে সেগুলির বিষয়ে শিক্ষামূলক উপাদান প্রদান করতে হবে। গর্ভবতী মহিলা/স্তন্যদাত্রী মায়েদের উচ্চ বিপদযুক্ত কাজের পরিবেশ থেকে সরানোর জন্য, গর্ভবতী মহিলা ও স্তন্যদাত্রী মায়েদের কর্মস্থলের যে কোনো স্বাস্থ্য ও নিরাপত্তাগত ঝুঁকিগুলি সরানো বা কমানোর জন্য অবশ্যই যুক্তিসঙ্গত পদক্ষেপ নিতে হবে, সেই ঝুঁকিগুলিও এর অন্তর্ভুক্ত যেগুলি তাদেরকে দেওয়া কাজের দায়িত্বভারের সাথে সংশ্লিষ্ট, এছাড়াও স্তন্যদাত্রী মায়েদের জন্য যুক্তিসঙ্গত ব্যবস্থা অন্তর্ভুক্ত করতে হবে।

2) জরুরি অবস্থার জন্য প্রস্তুতি

সম্ভাব্য জরুরি পরিস্থিতি ও ঘটনাগুলিকে সনাক্ত ও মূল্যায়ন করতে হবে, এবং জরুরি পরিকল্পনা ও প্রতিক্রিয়ার কার্যপ্রণালী বাস্তবায়নের দ্বারা এগুলির প্রভাবকে ন্যূনতম করতে হবে, যার অন্তর্ভুক্ত হল: জরুরি রিপোর্টিং, কর্মীদের জ্ঞাপন ও স্থান খালি করানোর কার্যপ্রণালী, কর্মীদের প্রশিক্ষণ ও মহড়া, আগুন সনাক্তকরণ ও চাপা দেওয়ার যথোপযুক্ত উপকরণ, খালি ও বাধামুক্ত নিষ্ক্রমণ-পথ, প্রস্থানের পর্যাপ্ত সুবিধা ও উদ্ধারের পরিকল্পনা। এই ধরনের পরিকল্পনা ও কার্যপ্রণালীগুলিকে প্রাণ, পরিবেশ ও সম্পত্তির ক্ষতিকে ন্যূনতম করার ওপরে মনযোগ দিতে হবে।

3) পেশাগত আঘাত ও অসুস্থতা

পেশাগত আঘাত ও অসুস্থতা প্রতিরোধ, ব্যবস্থাপনা, নজরদারী ও রিপোর্ট করার জন্য কার্যপ্রণালী ও ব্যবস্থাগুলি অবশ্যই থাকতে হবে, এর মধ্যে নিম্নলিখিতগুলির ব্যবস্থাও অন্তর্ভুক্ত: কর্মীদের রিপোর্ট করতে উৎসাহ দেওয়া; আঘাত ও অসুস্থতার ঘটনাগুলির শ্রেণীবিভাগ ও লিপিবদ্ধ করা; প্রয়োজনীয় মেডিকাল চিকিৎসা প্রদান করা; ঘটনাগুলির তদন্ত করা এবং এগুলির কারণকে দূরীকরণের জন্য সংশোধনমূলক পদক্ষেপগুলি বাস্তবায়ন করা; এবং কর্মীদের কাজে ফিরে আসাকে সহজতর করা।

4) শিল্পগত স্বাস্থ্যবিধি

কর্মীদের রাসায়নিক, জৈব ও শারীরিক এজেন্টের সংস্পর্শে আসাকে নিয়ন্ত্রণের শ্রেণীবিভাগের ক্রমানুসারে সনাক্ত, মূল্যায়ন ও নিয়ন্ত্রণ করতে হবে। সম্ভাব্য বিপদগুলি দূর করতে হবে অথবা যথাযথ নকশা, প্রযুক্তিবিদ্যা ও প্রশাসনিক নিয়ন্ত্রণের মাধ্যমে নিয়ন্ত্রণ করতে হবে। যেখানে এই উপায়গুলির দ্বারা বিপদগুলিকে পর্যাপ্তভাবে নিয়ন্ত্রণ করা যায় না, সেখানে কর্মীদের যথোপযুক্ত, ভালভাবে রক্ষণাবেক্ষণ করা, ব্যক্তিগত সুরক্ষা উপকরণ প্রদান করতে হবে। সুরক্ষামূলক কর্মসূচিতে এই বিপদগুলির সঙ্গে সংশ্লিষ্ট ঝুঁকিগুলির বিষয়ে শিক্ষামূলক উপাদান অন্তর্ভুক্ত করতে হবে।

5) শারীরিকভাবে চাহিদাপূর্ণ কাজ

হাতে করে মালপত্র নাড়াচাড়া করা এবং ভারি জিনিস বা বারবার তোলা, দীর্ঘক্ষণ দাঁড়িয়ে থাকা এবং খুব বেশি মাত্রায় বারবার বা বলপ্রয়োগ করতে হয় এমন অ্যাসেমব্লির কাজগুলি সমেত, কর্মীরা শারীরিকভাবে চাহিদাপূর্ণ কাজের যে সব বিপদের সম্মুখীন হন সেগুলিকে সনাক্ত, মূল্যায়ন ও নিয়ন্ত্রণ করতে হবে।

6) যন্ত্রকে সুরক্ষিত করা

উৎপাদন সংক্রান্ত ও অন্যান্য যন্ত্রপাতিকে নিরাপত্তামূলক বিপদের জন্য মূল্যায়ন করতে হবে। যেখানে যন্ত্রপাতির থেকে কর্মীদের আঘাতের বিপদ থাকে, সেখানে শারীরিক সুরক্ষাকবচ, ইন্টারলক এবং বাধাগুলি প্রদান করতে হবে এবং যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে।

7) স্বাস্থ্য বিধান, খাদ্য ও আবাসন

কর্মীদের স্বচ্ছ শৌচালয়ের সুবিধা, পানীয় জল ও স্বাস্থ্যকর খাবার তৈরি করা, সংরক্ষণ ও খাওয়ার সুবিধাগুলি ব্যবহারের জন্য প্রস্তুত অবস্থায় প্রদান করতে হবে। অংশগ্রহণকারী বা শ্রমিক এজেন্টের দ্বারা প্রদান করা কর্মীদের ডর্মিটরিগুলিকে পরিষ্কার ও নিরাপদ অবস্থায় রাখতে হবে, এবং জরুরি অবস্থায় নির্গমনের উপযুক্ত পথ প্রদান করতে হবে, স্নান করা ও শাওয়ারের জন্য গরম জল, পর্যাপ্ত আলো, তাপ ও হাওয়া চলাচলের ব্যবস্থা, ব্যক্তিগত ও মূল্যবান জিনিসপত্র রাখার জন্য ব্যক্তিগতভাবে সুরক্ষিত স্থান, এবং প্রবেশ ও প্রস্থানের যুক্তিসঙ্গত সুবিধা সমেত যুক্তিসঙ্গত ব্যক্তিগত স্থান প্রদান করতে হবে।

8) স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত জ্ঞাপন

কর্মীরা কর্মস্থলের যে সব সনাক্তকৃত বিপদের সম্মুখীন হন সেগুলির জন্য অংশগ্রহণকারী কর্মীর ভাষায় অথবা কর্মী বুঝতে পারেন এমন একটি ভাষায় কর্মীদের কর্মস্থলের স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত যথোপযুক্ত তথ্য ও প্রশিক্ষণ প্রদান করবেন, যার অন্তর্ভুক্ত হল যান্ত্রিক, বৈদ্যুতিক, রাসায়নিক, আগুন ও শারীরিক বিপদগুলি, তবে এতেই সীমিত নয়। স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত তথ্য স্পষ্টভাবে কর্মস্থলে পোস্ট করতে হবে অথবা এমন একটি স্থানে রাখতে হবে যা কর্মীদের দ্বারা সনাক্তযোগ্য ও প্রবেশগম্য।

কাজ শুরু করার আগে এবং তারপরে নিয়মিতভাবে সব কর্মীকে প্রশিক্ষণ দেওয়া হয়। কর্মীদের নিরাপত্তা সংক্রান্ত উদ্বেগ প্রকাশ করতে উৎসাহিত করা হবে

C. পরিবেশগত

অংশগ্রহণকারীরা স্বীকার করেন যে পরিবেশগত দায়দায়িত্ব বিশ্বমানের পণ্য উৎপাদনের সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িত। উৎপাদনের কার্যপরিচালনার সময় সমাজ, পরিবেশ ও প্রাকৃতিক সম্পদের ওপরে বিরূপ প্রভাব কমাতে হবে, একই সাথে জনগণের স্বাস্থ্য ও নিরাপত্তাকে সুরক্ষিত রাখতে হবে। বিধিটি প্রস্তুত করার ক্ষেত্রে ISO 14001 এবং ইকো ম্যানেজমেন্ট অ্যান্ড অডিট সিস্টেম (Eco Management and Audit System, EMAS)-এর মতো স্বীকৃত পরিচালনা ব্যবস্থাগুলিকে সূত্র হিসেবে ব্যবহার করা হয়েছিল এবং অতিরিক্ত তথ্যের একটি উপযোগী উৎস হতে পারে।

পরিবেশগত মানদন্ডগুলি হল:

1) পরিবেশগত ছাড়পত্র ও রিপোর্ট করা

সব আবশ্যক পরিবেশগত ছাড়পত্র (যেমন নির্গমন সংক্রান্ত নজরদারী), অনুমোদন ও নিবন্ধনগুলি নিতে হবে, রক্ষা করতে হবে এবং চলতি অবস্থায় রাখতে হবে এবং এগুলির কার্যপরিচালনাগত ও রিপোর্টিং সংক্রান্ত আবশ্যকতাগুলি অনুসরণ করতে হবে।

2) দূষণ প্রতিরোধ এবং সংস্থান হ্রাস

দূষণকারী উপাদানের নিঃসরণ ও নির্গমন এবং বর্জ্য সৃষ্টিকে ন্যূনতম করতে হবে অথবা উৎসে বা দূষণ নিয়ন্ত্রণ উপকরণ যোগ করার মতো অনুশীলনগুলির মাধ্যমে নির্মূল করতে হবে; উৎপাদন, রক্ষণাবেক্ষণ ও কর্মস্থলের প্রক্রিয়াগুলির পরিবর্তন করতে হবে; অথবা অন্যান্য উপায়ে। জল, জীবাশ্ম জ্বালানি, খনিজ পদার্থ ও অরণ্যের পণ্যগুলি সমেত প্রাকৃতিক সম্পদের ব্যবহারকে সংরক্ষণ করতে হবে অথবা উৎপাদন, রক্ষণাবেক্ষণ ও কর্মস্থলের প্রক্রিয়াগুলির পরিবর্তন করার মতো অনুশীলনগুলির দ্বারা, উপাদানকে প্রতিস্থাপন করা, পুনর্ব্যবহার, সংরক্ষণ, রিসাইক্লিং বা অন্যান্য উপায়ে।

3) বিপজ্জনক পদার্থ

রাসায়নিক ও অন্যান্য উপাদান যা মানুষ বা পরিবেশের পক্ষে বিপদ সৃষ্টি করে সেগুলিকে সনাক্ত করতে হবে, লেবেল দিতে হবে এবং ব্যবস্থাপনা করতে হবে, যাতে এগুলির নিরাপদে নাড়াচাড়া, স্থানান্তর, মজুতকরণ, ব্যবহার, রিসাইক্লিং বা পুনর্ব্যবহার ও বাতিলকরণ সুনিশ্চিত করা যায়।

4) কঠিন বর্জ্য

অংশগ্রহণকারী কঠিন বর্জ্যকে (বিপজ্জনক নয় এমন) সনাক্ত, ব্যবস্থাপনা, হ্রাস করা এবং দায়িত্বশীলভাবে বাতিল করা বা পুনর্ব্যবহারযোগ্য করার জন্য একটি প্রণালীবদ্ধ পদ্ধতি বাস্তবায়ন করবেন।

5) বায়ুতে নির্গমন

উদ্বায়ী রাসায়নিক, এরোসল, ক্ষয়কারক পদার্থ, কণা, ওজোন ক্ষয়কারী রাসায়নিক দ্রব্যের বায়ুতে নির্গমন এবং কার্যপরিচালনা থেকে সৃষ্ট দহনের উপজাত দ্রব্যগুলির বৈশিষ্ট্য নির্ধারণ করতে হবে, নিয়মিতভাবে পর্যবেক্ষণ, নিয়ন্ত্রণ করতে হবে এবং

নির্গমনের আগে প্রয়োজন অনুযায়ী শোধন করতে হবে। অংশগ্রহণকারী তার বায়ুতে নির্গমনের নিয়ন্ত্রণ ব্যবস্থাগুলির কার্যসম্পাদনের ওপরে নিয়মিতভাবে নজরদারী করবেন।

6) উপাদানের বাধানিষেধ

পণ্য ও উৎপাদনে সুনির্দিষ্ট পদার্থগুলির ওপরে নিষেধাজ্ঞা বা বাধানিষেধ সংক্রান্ত সব প্রযোজ্য আইন, বিধিনিয়ম, ও গ্রাহকের প্রয়োজনীয়তাগুলি অংশগ্রহণকারীদের মেনে চলতে হবে, যার অন্তর্ভুক্ত হল পুনর্ব্যবহারযোগ্য করা ও বাতিল করার জন্য লেবেল দেওয়া।

7) জল ব্যবস্থাপনা

অংশগ্রহণকারী একটি জল ব্যবস্থাপনা কর্মসূচি বাস্তবায়ন করবেন যা জলের উৎস, ব্যবহার ও নির্গমনকে নথিবদ্ধ করে, বৈশিষ্ট্য নির্ধারণ করে এবং নজরদারী করে; জল সংরক্ষণের সুযোগগুলি খোঁজে; এবং দূষণের মাধ্যমগুলিকে নিয়ন্ত্রণ করে। সব বর্জ্য জলের বৈশিষ্ট্য নির্ধারণ করতে হবে, পর্যবেক্ষণ, নিয়ন্ত্রণ করতে হবে এবং নির্গমন বা বাতিল করার আগে প্রয়োজন অনুযায়ী শোধন করতে হবে। অংশগ্রহণকারী তার বর্জ্য জল শোধন ও সংবরণ করার ব্যবস্থাগুলির কার্যসম্পাদনের ওপরে নিয়মিতভাবে নজরদারী করবেন, যাতে সর্বানুকূল কার্যসম্পাদন ও বিধিনিয়মের মান্যতা সুনিশ্চিত করা যায়।

8) শক্তি সংরক্ষণ ও গ্রীনহাউস গ্যাস নির্গমন

শক্তি সংরক্ষণ এবং সব প্রাসঙ্গিক স্কোপ 1 ও 2 গ্রীনহাউস গ্যাস নির্গমনগুলির ওপরে নজর রাখতে হবে এবং নথিবদ্ধ করতে হবে, কর্মস্থলে ও/বা কর্পোরেট স্তরে। অংশগ্রহণকারীরা শক্তির কর্মদক্ষতার উন্নতি ঘটানো এবং শক্তির খরচ ও গ্রীনহাউস গ্যাস নির্গমন কমানোর জন্য খরচ সাশ্রয়কারী পদ্ধতিগুলির সন্ধান করবেন।

D. নৈতিকতা

সামাজিক দায়িত্বগুলি পূরণ করা এবং বাজারে সাফল্য অর্জন করার জন্য, অংশগ্রহণকারী ও তাদের এজেন্টদের নৈতিকতার সর্বোচ্চ মানদন্ড রক্ষা করতে হবে, যার অন্তর্ভুক্ত হল:

1) ব্যবসায়িক সততা

ব্যবসার সব লেনদেনে সততার সর্বোচ্চ মানদন্ড রক্ষা করতে হবে। যে কোনো এবং সব ধরনের ঘুষ, দুর্নীতি, জোর করে অর্থ আদায় ও তছরুপকে নিষিদ্ধ করার জন্য অংশগ্রহণকারীর একটি শূন্য সহনশীলতা নীতি থাকবে।

2) কোনো অযথাযথ সুবিধা নয়

অন্যায্য বা অযথাযথ সুবিধা পাওয়ার জন্য ঘুষ বা অন্যান্য উপায়গুলির প্রতিশ্রুতি দেওয়া, প্রস্তাব করা, অনুমোদন দেওয়া, প্রদান বা গ্রহণ করা যাবে না। এই নিষেধাজ্ঞার আওতায় আছে, ব্যবসা পাওয়া বা ধরে রাখা, কোনো ব্যক্তির কাছে ব্যবসা পাঠানো, বা অন্যথায় একটি অযথাযথ সুবিধা অর্জনের জন্য প্রত্যক্ষভাবে অথবা কোনো তৃতীয় পক্ষের মাধ্যমে অপ্রত্যক্ষভাবে যে কোনো মূল্যবান জিনিসের প্রতিশ্রুতি দেওয়া, প্রস্তাব করা, অনুমোদন দেওয়া, প্রদান বা গ্রহণ করা। দুর্নীতি-বিরোধী আইনগুলি মেনে চলা সুনিশ্চিত করার জন্য নজরদারী ও বলবৎকরণের কার্যপ্রণালীগুলি বাস্তবায়ন করতে হবে।

3) তথ্যের ঘোষণা

ব্যবসার সব লেনদেন স্বচ্ছভাবে সম্পাদন করতে হবে এবং অংশগ্রহণকারীর ব্যবসার বই ও রেকর্ডে নির্ভুলভাবে প্রতিফলিত করতে হবে। অংশগ্রহণকারীর শ্রম, স্বাস্থ্য ও নিরাপত্তা, পরিবেশগত অনুশীলন, ব্যবসায়িক কার্যকলাপ, কাঠামো, আর্থিক অবস্থা ও কার্যসম্পাদন সংক্রান্ত তথ্যকে প্রযোজ্য বিধিনিয়ম ও শিল্পক্ষেত্রের প্রচলিত অনুশীলনগুলি অনুযায়ী ঘোষণা করতে হবে। রেকর্ড জাল করা কিংবা সরবরাহ শৃঙ্খলের অবস্থা বা অনুশীলনগুলির মিথ্যা বর্ণনা দেওয়া গ্রহণযোগ্য নয়।

4) মেধা স্বত্ব

মেধা স্বত্ব অধিকারগুলিকে সম্মান দিতে হবে; প্রযুক্তি ও জ্ঞানের হস্তান্তর এমনভাবে করতে হবে যা মেধা স্বত্ব অধিকারগুলিকে সুরক্ষিত রাখবে; এবং গ্রাহক ও সরবরাহকারীর তথ্যকে সুরক্ষিত রাখতে হবে।

5) ন্যায্য ব্যবসা, বিজ্ঞাপন ও প্রতিযোগিতা

ন্যায্য ব্যবসা, বিজ্ঞাপন ও প্রতিযোগিতার মানদন্ডগুলি রক্ষা করতে হবে।

6) পরিচয় সুরক্ষিত রাখা এবং কোনো প্রতিশোধ নয়

সরবরাহকারী ও কর্মী হুইসলব্লোয়ারদের গোপনীয়তা, পরিচয়হীনতা ও সুরক্ষা সুনিশ্চিত করে এমন কর্মসূচিগুলি[2] বজায় রাখতে হবে, যদি না আইন দ্বারা নিষিদ্ধ হয়। কর্মীরা যাতে প্রতিশোধের কোনো রকম ভয় ছাড়াই যে কোনো উদ্বেগ প্রকাশ করতে পারেন সেইজন্য কর্মীদের জন্য একটি জ্ঞাপন করা প্রক্রিয়া অংশগ্রহণকারীদের থাকা উচিত।

7) দায়িত্বশীলভাবে খনিজ পদার্থ জোগাড় করা

যে সব পণ্য উৎপাদন করেন সেগুলিতে যে ট্যান্টালাম, টিন, টাংস্টেন ও সোনা ব্যবহার করা হয় সেগুলি যাতে কঙ্গো গণতান্ত্রিক প্রজাতন্ত্র বা কোনো সংলগ্ন দেশের গুরুতর মানবাধিকার লংঘনকারী অপরাধী সশস্ত্র গোষ্ঠীগুলিকে প্রত্যক্ষ বা অপ্রত্যক্ষভাবে অর্থপ্রদান বা লাভবান না করে তা যুক্তিসঙ্গতভাবে নিশ্চিত করার জন্য অংশগ্রহণকারীদের একটি নীতি থাকতে হবে। অংশগ্রহণকারীরা এই খনিজ পদার্থগুলির উৎস ও হেফাজতের শৃঙ্খলের ওপরে ডিউ ডিলিজেন্স প্রয়োগ করবেন এবং ডিউ ডিলিজেন্স পদ্ধতিগুলি গ্রাহকদের অনুরোধক্রমে তাদের জন্য উপলব্ধ করবেন।

8) গোপনীয়তা

অংশগ্রহণকারীরা সরবরাহকারী, গ্রাহক, উপভোক্তা ও কর্মী সমেত যাদের সঙ্গে ব্যবসা করেন, তাদের প্রত্যেকের ব্যক্তিগত তথ্যের যুক্তিসঙ্গত গোপনীয়তার প্রত্যাশাগুলিকে সুরক্ষিত রাখার জন্য অঙ্গীকার করবেন। ব্যক্তিগত তথ্য সংগ্রহ, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, স্থানান্তর ও বিনিময় করার সময় অংশগ্রহণকারীদেরকে গোপনীয়তা ও তথ্য সুরক্ষার আইন ও বিধিনিয়মের আবশ্যকতাগুলি মেনে চলতে হবে।

[2] হুইসলব্লোয়ার-এর সংজ্ঞা: এমন যে কোনো ব্যক্তি যিনি কোম্পানির একজন কর্মী বা অফিসার, অথবা সরকারী কর্মকর্তা বা আধিকারিক সংস্থার দ্বারা অযথাযথ আচরণের বিষয়ে ঘোষণা করেন।

E. পরিচালন ব্যবস্থা

অংশগ্রহণকারীরা এমন একটি পরিচালন ব্যবস্থা গ্রহণ বা প্রতিষ্ঠা করবেন যার ব্যাপ্তি এই বিধির বিষয়বস্তুর সঙ্গে সম্পর্কিত। নিম্নলিখিতগুলি সুনিশ্চিত করার জন্য পরিচালন ব্যবস্থাটির পরিকল্পনা করা হবে: (a) প্রযোজ্য আইন, বিধিনিয়ম এবং অংশগ্রহণকারীর কার্যপরিচালনা ও পণ্যগুলির সাথে সম্পর্কযুক্ত গ্রাহকের আবশ্যকতাগুলি মান্য করা; (b) এই বিধিটি অনুসরণ করা; এবং (c) এই বিধির সাথে সম্পর্কিত কার্যপরিচালনাগত ঝুঁকিগুলি সনাক্তকরণ ও নিরসন। এটির নিরন্তর উন্নতিকেও সহজতর করা উচিত।

পরিচালন ব্যবস্থাটিতে নিম্নলিখিত উপাদানগুলি থাকা উচিত:

1) কোম্পানির অঙ্গীকার

সামাজিক ও পরিবেশগত দায়দায়িত্ব সংক্রান্ত একটি কর্পোরেট নীতির বিবৃতিগুলি মান্যতা ও নিরন্তর উন্নতির প্রতি অংশগ্রহণকারীর অঙ্গীকারকে দৃঢ়ভাবে ঘোষণা করে, যা কার্যনির্বাহী কর্তৃপক্ষের দ্বারা সমর্থিত এবং স্থানীয় ভাষায় কর্মস্থলে পোস্ট করা হয়।

2) কর্তৃপক্ষের জবাবদিহিতা ও দায়িত্ব

পরিচালন ব্যবস্থা ও সংশ্লিষ্ট কর্মসূচিগুলির বাস্তবায়ন সুনিশ্চিত করার জন্য দায়িত্বশীল বরিষ্ঠ কার্যনির্বাহী ও কোম্পানির প্রতিনিধি[বৃন্দ]-কে অংশগ্রহণকারী সুস্পষ্টভাবে চিহ্নিত করেন। বরিষ্ঠ কর্তৃপক্ষ নিয়মিত ভিত্তিতে পরিচালন ব্যবস্থার অবস্থা পর্যালোচনা করেন।

3) আইনগত ও গ্রাহকের আবশ্যকতা

এই বিধির আবশ্যকতাগুলি সমেত, প্রযোজ্য আইন, বিধিনিয়ম ও গ্রাহকের আবশ্যকতাগুলি সনাক্ত করা, পর্যবেক্ষণ করা ও বোঝার জন্য একটি প্রক্রিয়া।

4) ঝুঁকির মূল্যায়ন এবং ঝুঁকির ব্যবস্থাপনা

আইনগত মান্যতা, পরিবেশগত, স্বাস্থ্য ও নিরাপত্তা ও শ্রম সংক্রান্ত অনুশীলন এবং অংশগ্রহণকারীর কার্যপরিচালনার সাথে সংশ্লিষ্ট নৈতিকতার ঝুঁকিগুলি সনাক্ত করার জন্য একটি প্রক্রিয়া।[3] প্রতিটি ঝুঁকির আপেক্ষিক গুরুত্ব নির্ধারণ করা এবং সনাক্ত করা ঝুঁকিগুলিকে নিয়ন্ত্রণ করার জন্য যথোপযুক্ত প্রণালীগত ও শারীরিক নিয়ন্ত্রণগুলির বাস্তবায়ন করা এবং বিধিনিয়মের মান্যতা সুনিশ্চিত করা

---

[3] পরিবেশগত স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য ঝুঁকি মূল্যায়নে যে ক্ষেত্রগুলিকে অন্তর্ভুক্ত করতে হবে সেগুলি হল উৎপাদনের এলাকা, গুদাম ও মজুতকরণের স্থান, কারখানা/কর্মস্থলের সহায়তা উপকরণ, পরীক্ষাগার ও পরীক্ষার স্থানগুলি, স্যানিটেশনের সুবিধাগুলি (বাথরুম), রান্নাঘর/ক্যাফেটেরিয়া এবং কর্মীদের আবাসন/ডর্মিটরি।

5) উন্নয়নের লক্ষ্য

কার্যসম্পাদনের লিখিত উদ্দেশ্য, লক্ষ্যমাত্রা এবং অংশগ্রহণকারীর সামাজিক ও পরিবেশগত কার্যসম্পাদনের উন্নতি করার জন্য বাস্তবায়নের পরিকল্পনাগুলি, এই লক্ষ্যগুলি অর্জনের ক্ষেত্রে অংশগ্রহণকারীর কার্যসম্পাদনের একটি পর্যায়ক্রমিক মূল্যায়ন অন্তর্ভুক্ত।

6) প্রশিক্ষণ

অংশগ্রহণকারীর নীতি, কার্যপ্রণালী এবং উন্নয়নের লক্ষ্যগুলি বাস্তবায়ন করা এবং প্রযোজ্য আইনগত ও বিধিনিয়মের আবশ্যকতাগুলি পূরণ করার জন্য ম্যানেজার ও কর্মীদের প্রশিক্ষণের কর্মসূচিগুলি।

7) জ্ঞাপন

অংশগ্রহণকারীর নীতি, অনুশীলন, প্রত্যাশা ও কার্যসম্পাদন সম্বন্ধে সুস্পষ্ট ও নির্ভুল তথ্য কর্মী, সরবরাহকারী ও গ্রাহকদের জানানোর জন্য একটি প্রক্রিয়া।

8) কর্মীদের মতামত, অংশগ্রহণ ও অভিযোগ

এই বিধির আওতাধীন অনুশীলন এবং শর্তগুলির লংঘন সম্বন্ধে কর্মীদের ধারণার মূল্যায়ন করা এবং এই বিষয়ে মতামত পাওয়া এবং ক্রমাগত উন্নতিতে উৎসাহ দেওয়ার জন্য একটি কার্যকর অভিযোগ পদ্ধতি সমেত, চলমান প্রক্রিয়াগুলি।

9) অডিট ও মূল্যায়ন

আইনগত ও বিধিনিয়মের আবশ্যকতাগুলি, বিধির বিষয়বস্তু এবং সামাজিক ও পরিবেশগত দায়দায়িত্বের সাথে সম্পর্কিত গ্রাহকের চুক্তিগত আবশ্যকতাগুলি মান্য করা সুনিশ্চিত করার লক্ষ্যে পর্যায়ক্রমে স্ব-মূল্যায়ন।

10) সংশোধনমূলক পদক্ষেপ প্রক্রিয়া

অভ্যন্তরীণ বা বাহ্যিক মূল্যায়ন, পরিদর্শন, অনুসন্ধান ও পর্যালোচনার দ্বারা সনাক্ত হওয়া ঘাটতিগুলির সময়োপযোগী সংশোধনের জন্য একটি প্রক্রিয়া।

11) নথিবদ্ধকরণ ও রেকর্ড

বিধিনিয়মের মান্যতা এবং কোম্পানির আবশ্যকতাগুলি মেনে চলার পাশাপাশি গোপনীয়তা রক্ষা করার নিমিত্ত যথোপযুক্ত গোপনীয়তা সুনিশ্চিত করার জন্য, নথিপত্র ও রেকর্ড তৈরি করা ও বজায় রাখা।

12) সরবরাহকারীর দায়দায়িত্ব

সরবরাহকারীদের বিধির আবশ্যকতাগুলি জানানো এবং সরবরাহকারী কর্তৃক বিধির মান্যতা পর্যবেক্ষণ করার জন্য একটি প্রক্রিয়া।

সূত্র

এই বিধিটি প্রস্তুত করার ক্ষেত্রে নিম্নলিখিত মানদন্ডগুলিকে ব্যবহার করা হয়েছিল এবং অতিরিক্ত তথ্যের একটি উপযোগী উৎস হতে পারে। প্রত্যেক অংশগ্রহণকারী নিম্নলিখিত মানদন্ডগুলিকে সমর্থন করতেও পারেন আবার নাও করতে পারেন।

ডড-ফ্র্যাংক ওয়াল স্ট্রিট সংস্কার ও উপভোক্তা সুরক্ষা আইন (Dodd-Frank Wall Street Reform and Consumer Protection Act) http://www.sec.gov/about/laws/wallstreetreform-cpa.pdf

ইকো ম্যানেজমেন্ট অ্যান্ড অডিট সিস্টেম (Eco Management & Audit System) http://ec.europa.eu/environment/emas/index_en.htm

এথিকাল ট্রেডিং ইনিশিয়েটিভ (Ethical Trading Initiative) www.ethicaltrade.org/

নিরাপত্তা ও স্বাস্থ্যের ক্ষেত্রে ILO এর অনুশীলন বিধি (ILO Code of Practice in Safety and Health) www.ilo.org/public/english/protection/safework/cops/english/download/e000013.pdf

ILO আন্তর্জাতিক শ্রম মানদন্ড (ILO International Labor Standards) www.ilo.org/public/english/standards/norm/whatare/fundam/index.htm

ISO 14001 www.iso.org

জাতীয় অগ্নি নিরাপত্তা সংস্থা (National Fire Protection Association) www.nfpa.org/catalog/home/AboutNFPA/index.asp

সংঘাতের দ্বারা প্রভাবিত ও উচ্চ ঝুঁকিপূর্ণ অঞ্চলগুলি থেকে খনিজ পদার্থের দায়িত্বশীল সরবরাহ শৃঙ্খলের জন্য OECD-এর ডিউ ডিলিজেন্স সংক্রান্ত নির্দেশনা http://www.oecd.org/corporate/mne/mining.htm

বহুজাতিক প্রতিষ্ঠানগুলির জন্য OECD নির্দেশনা http://www.oecd.org/investment/mne/1903291.pdf

OHSAS 18001 http://www.bsigroup.com/en-GB/ohsas-18001-occupational-health-and-safety/

মানবাধিকার সংক্রান্ত বিশ্বজনীন ঘোষণা (Universal Declaration of Human Rights) www.un.org/Overview/rights.html

দুর্নীতির বিরুদ্ধে রাষ্ট্রসঙ্ঘের চুক্তি (United Nations Convention Against Corruption) https://www.unodc.org/unodc/en/treaties/CAC/

রাষ্ট্রসঙ্ঘ বিশ্বজনীন চুক্তি (United Nations Global Compact) www.unglobalcompact.org

রাষ্ট্রসঙ্ঘ ফেডারাল অ্যাকুইজিশন রেগুলেশন (United States Federal Acquisition Regulation) www.acquisition.gov/far/

SA 8000 http://www.sa-intl.org/index.cfm?fuseaction=Page.ViewPage&PageID=937

সোশ্যাল অ্যাকাউন্টেবিলিটি ইন্টারন্যাশনাল (Social Accountability International, SAI) www.sa-intl.org

নথির ইতিহাস

সংস্করণ 1.0 – অক্টোবর 2004 এ প্রকাশিত।

সংস্করণ 1.1 – মে 2005 এ প্রকাশিত। নথিকে RBA-এর ফরম্যাটে রূপান্তরিত করা হয়েছিল, পাতার সজ্জায় ছোটখাটো সংশোধন; বিষয়বস্তুর কোনো পরিবর্তন হয় নি।

সংস্করণ 2.0 – একাধিক নিয়মের সংশোধন সমেত অক্টোবর 2005 এ প্রকাশিত। সংস্করণ 3.0 – একাধিক নিয়মের সংশোধন সমেত জুন 2009 এ প্রকাশিত।

সংস্করণ 4.0 – একাধিক নিয়মের সংশোধন সমেত এপ্রিল 2012 এ প্রকাশিত। সংস্করণ 5.0 – একাধিক নিয়মের সংশোধন সমেত নভেম্বর 2014 এ প্রকাশিত।

সংস্করণ 5.1 – A1 এর সংশোধন, যা 1 জানুয়ারি 2016-তে কার্যকর হবে, সেটি সমেত মার্চ 2015 এ প্রকাশিত।

সংস্করণ 6.0 – একাধিক নিয়মের সংশোধন সমেত জানুয়ারি 2018 এ প্রকাশিত।

ইলেকট্রনিক পণ্য উৎপাদনে যুক্ত অনেকগুলি কোম্পানি জুন ও অক্টোবর 2004 এর মাঝামাঝি RBA আচরণবিধিটি প্রাথমিকভাবে প্রস্তুত করেছিল। এই বিধিটি গ্রহণ করার জন্য কোম্পানিদের আমন্ত্রণ করা হয় ও উৎসাহ দেওয়া হয়। আপনি responsiblebusiness.org থেকে অতিরিক্ত তথ্য পেতে পারেন